দৈনিক ইনকিলাব

তারিখ 06 JAN 1994
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৫ ...

24

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভিসির পদত্যাগ দাবীতে ছাত্র ধর্মঘট

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্র দল, ছাত্র লীগ ও ছাত্র ইউনিয়নসহ সর্বদলীয় ছাত্র ঐক্যের আহবানে ভাইস চ্যান্সেলরের পদত্যাগের দাবীতে গতকাল সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়। ধর্মঘটের সমর্থনে সকাল ৮টায় সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃত্বে এক বিশাল মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে। মিছিলের পর অনুষ্ঠিত সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ ভিসির পদত্যাগ দাবী করে বলেন, বর্তমান ভিসি বিশ্ববিদ্যালয়ের প্রশাসন চালাতে ব্যর্থ। তার স্বেচ্ছাচারিতার' ফলে গত দু'বছরে ছাত্রদের মূল্যবান জীবন থেকে অন্তত ৬ মাস ঝরে গেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার স্বাভাবিক পরিবেশ সম্পূর্ণরূপে বিঘ্নিত। ছাত্র শিক্ষক-কর্মচারীদের মৌলিক অধিকার খর্ব করে বিশ্ববিদ্যালয়কে ক্যান্টনমেন্টে পরিণত করা হয়েছে। লাইব্রেরীতে প্রয়োজনীয় বই নেই, অথচ অপ্রয়োজনীয় খাতে অর্থ ব্যয় করা হচ্ছে। মার্কসীট, সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট-এর ফি তিনগুণ বৃদ্ধি করা হয়েছে। ভর্তি ফি দ্বিগুণ করা হয়েছে। এমতাবস্থায় নেতৃবৃন্দ বলেন, একমাত্র ভিসির পদত্যাগের মধ্য দিয়েই উদ্ভূত পরিস্থিতির নিরসন সম্ভব। —সংবাদ বিজ্ঞপ্তি।